

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারা অধিদপ্তর  
৩০/৩ উমেশ দত্ত রোড বকশি বাজার, ঢাকা-১২১১।  
www.prison.gov.bd

নং ৫৮.০৪.০০০০.০২৮.০২.০০১.১৯- ৪৩৬

তারিখঃ ১০ আষাঢ়'১৪২৬  
২৪ জুন'২০১৯


‘প্রজ্ঞাপন’

বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পত্র নং-৮০.০০.০০০০.৩০১.(গোপনীয়).১১.২২৮২.১৮.২২৯ তারিখ: ২৮.১১.২০১৮ এর সুপারিশের প্রেক্ষিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের প্রজ্ঞাপন নং ৫৮.০০.০০০০.০৮৪.১১.০০৭.১৮-৪৩১ তারিখ ১৬.৬.২০১৯ এর ভিত্তিতে কারা অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১১(সংশোধিত ২০১৭) ও কারাবিধি ১ম খন্ডের ২৯ ধারার আলোকে জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী ১০ম গ্রেডের প্রারম্ভিক স্কেলে (১৬০০০-৩৮,৬৪০/-) কারা অধিদপ্তরের অধীন কারাগারসমূহের দ্বিতীয় শ্রেণির গেজেটেড ডিপ্লোমা নার্স এর শূন্য পদে নিম্নোক্ত প্রার্থীকে নিয়োগ প্রদানপূর্বক পদায়ন করা হলো।

ক্রমিক নং	প্রার্থীর নাম ও পিতার নাম	রেজিঃ নম্বর	নিজ জেলা	পদায়নকৃত কারাগারের নাম
১.	সুজনা নাগ, পিতা-কালিপদ নাগ	০০০৭৫৮	নরসিংদি	কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগার

শর্তাবলী:

- ১। নিয়োগপ্রাপ্ত প্রার্থী ৩০.৬.২০১৯ তারিখের মধ্যে পদায়িত কর্মস্থলে যোগদান করবেন। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ২। এ পদে যোগদানের তারিখ হতে পরবর্তী দুই (০২) বছর তার চাকরির শিক্ষানবিসকাল হিসেবে গণ্য হবে;
- ৩। শিক্ষানবিসকালে তার আচরণ ও কার্যাবলী সন্তোষজনক বিবেচিত না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাকে চাকরি হতে অপসারণ করা যাবে;
- ৪। এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত বিষয়াদি কারাবিধি, কারা অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১১(সংশোধিত, ২০১৭) এবং সরকারের প্রচলিত বিধি বিধান ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি বিধান ও আদেশ অনুসারে নিয়ন্ত্রিত হবে;
- ৫। পিএসসি কর্তৃক নির্ধারিত ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারি বিধি বিধান অনুযায়ী জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;
- ৬। যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিয়ে করে থাকেন অথবা বিবাহ করার অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- ৭। চাকরি হতে ইস্তফা প্রদানের প্রয়োজন হলে ০২ মাস পূর্বে কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে;
- ৮। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন, চারিত্রিক ও পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশ তদন্ত প্রতিবেদন সন্তোষজনক পাওয়ায় এ নিয়োগ প্রদান করা হলো। প্রাপ্ত তথ্য ভবিষ্যতে ভুল প্রমাণিত হলে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।
- ৯। এ চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না;
- ১০। জনস্বার্থে এ নিয়োগপত্র জারি করা হলো।


  
মোঃ আবরার হোসেন  
কর্নেল  
কারা মহাপরিদর্শক (ভারপ্রাপ্ত)।

নং ৫৮.০৪.০০০০.০২৮.০২.০০১.১৯- ৪৩৬

তারিখঃ ১০ আষাঢ়'১৪২৬  
২৪ জুন'২০১৯

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। কারা উপ-মহাপরিদর্শক, ঢাকা বিভাগ, সদর দপ্তর, ঢাকা।
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ৩। সিনিয়র তত্ত্বাবধায়ক, কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগার। সংশ্লিষ্ট ডিপ্লোমা নার্সকে যোগদানের তারিখ যথাসময়ে কারা অধিদপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গাজীপুর।
- ৫। ডেপুটি জেলার, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। জনাব সুজনা নাগ, পিতা-কালিপদ নাগ, গ্রাম: ধলাদিয়া, ডাকঘর: পলাশ, থানা: পলাশ, জেলা: নরসিংদি।
- ৭। অফিস কপি।

  
(মোহাম্মদ আবদুল্লাহ-আল-মামুন)  
বিজে-০১৮০১১০০৫১৫  
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)  
পক্ষে কারা মহাপরিদর্শক।